

জীবন বৃত্তান্ত



জনাব এস. এম. মনিরুজ্জামান ৩১ ডিসেম্বর ১৯৬৭ তারিখ বরিশাল জেলায় সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। তাঁর পিতার নাম শেখ মো: আ: করিম ও মাতার নাম মরহুমা রোকেয়া বেগম। তিনি গৈলা উচ্চ বিদ্যালয় হতে এস. এস. সি. এবং ঢাকা গভ. কমার্স কলেজ হতে এইচ. এস. সি. সম্পন্ন করে ১৯৯২ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আওতাধীন জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ থেকে স্নাতকোত্তর ডিগ্রি (এম.এ.) অর্জন করেন।

তিনি ১৬ ডিসেম্বর ১৯৯২ তারিখে বঙ্গ ও পাট মন্ত্রণালয়ে ব্যক্তিগত কর্মকর্তা (২য় শ্রেণি) হিসেবে চাকুরী জীবন শুরু করেন। চাকুরী জীবনে তিনি ২০ বছর মন্ত্রীর ব্যক্তিগত কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করেন।

তিনি সরকারি দায়িত্ব পালনের অংশ হিসেবে ভারত, চীন, সিংগাপুর, মালয়েশিয়া, ফিলিপাইন, মায়ানমার ও সৌদি আরব ভ্রমণ করেছেন। ব্যক্তি জীবনে তিনি বিবাহিত এবং ০২ (দুই) পুত্র সন্তানের জনক।

তিনি সহকারী সচিব হিসেবে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে দায়িত্ব পালন করেন। ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে যোগদানের পূর্বে তিনি বঙ্গ ও পাট, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে কর্মরত ছিলেন। ২০১৬ সাল হতে তিনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে সহকারী সচিব হিসেবে কর্মরত রয়েছেন।